



জনতা ব্যাংক লিমিটেড

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়

১১০ মতিঝিল বা/এ, ঢাকা।

ঃ ইও-ইঞ্জিনিয়ার (বর্তমানে সিনিয়র অফিসার- ইঞ্জিনিয়ার) পদে নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ

ব্যাংকার্স সিলেকশন কমিটি (বিএসসি), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জনতা ব্যাংক লিমিটেড-এ ইও-ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, আর্কিটেক্ট) পদে নিয়োগের লক্ষ্যে অপেক্ষমান তালিকা থেকে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা (দ্বিতীয় ধাপ) জনতা ব্যাংক লিমিটেড ও বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট-এ প্রকাশিত হয়েছে।

প্রাথমিকভাবে নির্বাচিত উপর্যুক্ত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন সম্পাদনের জন্য জনতা ব্যাংক লিমিটেড-এর ওয়েবসাইট-এ পুলিশ ভেরিফিকেশন রোল (পিভিআর) আপলোড করা হয়েছে। তালিকাভুক্ত প্রার্থীগণকে উক্ত পিভিআর ফরম ডাউনলোড করে স্বহস্তে যথাযথভাবে পূরণ করে এর সাথে নিম্নোক্ত সত্যায়িত কাগজপত্রাদি সংযুক্ত করে "উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০" বরাবর আগামী ১৯ এপ্রিল, ২০১৮ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার মারফত/সরাসরি জমা করার পরামর্শ দেয়া হচ্ছে।

- ১। রোল নম্বর ও মোবাইল নম্বর উল্লেখ করে আবেদনপত্র।
- ২। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি।
- ৩। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এর ফটোকপি।
- ৪। পাসপোর্ট সাইজের সদ্য তোলা দুই কপি রঙীন ছবি।

নির্দিষ্ট সময়ের মধ্যে পুলিশ ভেরিফিকেশন ফরম জমা প্রদানে ব্যর্থ হলে নিয়োগের জন্য তিনি অযোগ্য বলে বিবেচিত হবেন।

স্বাক্ষরিত/-

মোস্তুফা ছাইফুল হক

উপ-মহাব্যবস্থাপক